

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৭০৭

२٩/ शिष्ठोठात (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ২৭/১৭. অনুমতি প্রার্থনা

بَاب الاسْتِنْذَانِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا عَبْدُ الرَّحِيمِ بْنُ سُلَيْمَانَ، عَنْ وَاصِلِ بْنِ السَّائِبِ، عَنْ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا عَبْدُ الرَّحِيمِ بْنُ سُلَيْمَانَ، عَنْ وَاصِلِ بْنِ السَّلاَمُ فَمَا عَنْ أَبِي سَوْرَةَ، عَنْ أَبِي أَيُّوبَ الأَنْصَارِيِّ، قَالَ قُلْنَا يَا رَسُولَ اللَّهِ هَذَا السَّلاَمُ فَمَا الْإِسْتِئْنَاسُ قَالَ " يَتَكَلَّمُ الرَّجُلُ تَسْبِيحَةً وَتَكْبِيرَةً وَتَحْمِيدَةً وَيَتَنَحْنَحُ وَيُؤْذِنُ أَهْلَ الْبَيْتِ "

বাংলা

২/৩৭০৭। আবূ আইউব আল-আনসারী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা জিজ্ঞাসা করলাম, ইয়া রাসূলাল্লাহ! এই সালাম তো বুঝলাম, কিন্তু অনুমতি প্রার্থনা কী? তিনি বলেনঃ আগস্তুক মুখে আল্লাহর গুণগান, মহত্ব ও প্রশংসাবাক্য উচ্চারণ করে বা গলা থাকারি দিয়ে বাড়ির লোকজনের নিকট অনুমতি প্রার্থনা করবে।

English

It was narrated that Abu Ayyub Ansari said:

"We said: 'O Messenger of Allah(ﷺ), (we know) this (greeting of) Salam, but what does seeking permission to enter mean?' He said: 'It means a man saying SubhanAllah, and Allahu Akbar and Al Hamdulillah, and clearing his throat, announcing his arrival to the people in the house."

ফুটনোট

নাসায়ী ১২১১, ১২১২, ১২১৩, আহমাদ ২০৯, ৬৪৮। তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী ওয়াসিল ইবনুস সাইব সম্পর্কে আবুল ফাতহ আল-আযদী বলেন, তিনি মিথ্যা বলার অভিযোগে অভিযুক্ত। আবু বাকর বিন আবু শায়বাহ বলেন, তিনি দুর্বল। আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি কুফরী নয় এমন কওলী বা আমলী কোন ফিসক এর সাথে জড়িত। আবু হাতিম বিন হিব্বান বলেন, তিনি দুর্বল। আবু যুরআহ আর-রায়ী বলেন, তিনি



হাদিস বর্ণনায় দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬৬৬৩, ৩০/৪০১ নং পৃষ্ঠা) ২. আবু সাওবাহ সম্পর্কে ইমাম তিরমিয়ি বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী তাকে দুর্বল হিসেবে উল্লেখ করেছেন। ইমাম দারাকুতনী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। ইমাম বুখারী বলেন, তিনি আয়ু্যব থেকে মুনকাররূপে হাদিস বর্ণনা করেছেন। ইয়াহইয়া বিন মাঈন বলেন, তিনি খুবই দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৭৪২১, ৩৩/৩৯৪ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন